



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ১১৯/টাংগাইল/৯১৮

তারিখ: ২৩/১২/২০২১

বিষয় : প্রধান শিক্ষক (সাময়িক বহিস্কৃত) জনাব মোঃ আছাদুজ্জামানকে স্ব-পদে পূর্ণবহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র ১. মোঃ আছাদুজ্জামান, প্রধান শিক্ষক(সাময়িক বহিস্কৃত) পাইস্কা উচ্চ বিদ্যালয়, ধনবাড়ী, টাংগাইল কর্তৃক ২/১১/২০২১ তারিখের প্রেরিত পত্র।
২. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১০৮৭৯/২০২১ তারিখ:-২১/১১/২০২১ এর আদেশ।
৩. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশ।
৪. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ তারিখ:-০৬/০৮/২০১৭
৫. বোর্ডের পত্র নং-৫১২/বিদ্যালয়-১/সাধারণ/০১১৩ তারিখ:-২৭/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (২)নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১০৮৭৯/২০২১ তারিখ:-২১/১১/২০২১ এর আদেশ মোতাবেক, বাদী মোঃ আছাদুজ্জামান সূত্রোক্ত ১নং এর আবেদনটি আমলে এনে আদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন, উল্লেখ্য যে জনাব, মোঃ আছাদুজ্জামানকে বিদ্যালয়ের এডহক কমিটি কর্তৃক বিগত ১২/১০/২০২০ তারিখে প্রধান শিক্ষকের পদ থেকে সাময়িক বরখাস্ত করার বিষয়টি বিধিসম্মত হয়নি।

এমতাবস্থায়, সূত্রোক্ত (৩), (৪) ও (৫) নং ক্রমিকে উল্লিখিত আদেশ/বিধি অনুসরণ করে জনাব মোঃ আছাদুজ্জামান, প্রধান শিক্ষক (সাময়িক বহিস্কৃত)কে আগামি ০৭(সাত) কর্মদিবসের মধ্যে স্ব-পদে পূর্ণবহাল সহ সাময়িক বরখাস্তকালীন সময়ে তাঁর প্রাপ্য বকেয়া বেতন-ভাতাদি পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
বিষয়টি জরুরী বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা.

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

- i) সভাপতি এডহক কমিটি
পাইস্কা উচ্চ বিদ্যালয়, ধনবাড়ী,
টাংগাইল
- ii) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
পাইস্কা উচ্চ বিদ্যালয়, ধনবাড়ী,
টাংগাইল

মেমো নং- ৯১৮(৪)


তারিখ: ২৩/১২/২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। উপজেলা শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাংগাইল।
- ২। জেলা শিক্ষা অফিসার, টাংগাইল।
- ৩। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


২৬/১২/২০২১